


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বিয়েতে আতঙ্কিত অভিনেত্রী মা হতে চান -পৃষ্ঠা-৩

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮৩ ঃ মেহেরপুর- রোববার ১৩ জুলাই ২০২৫ ইং ঃ ২৯ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা





## ১৩ জুলাই: মামলা প্রত্যাহারে আল্টিমেটাম, রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি প্রদানের ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরিতে সব গ্রেডে কোটার যৌক্তিক সংস্কারের এক দফা দাবিতে ২০২৪ সালের ১৩ জুলাই গণপদযাত্রা কর্মসূচি ঘোষণা করেন আন্দোলনকারীরা। সেই সঙ্গে শিক্ষার্থীদের নামে করা মামলা তুলে নিতে পুলিশকে ২৪ ঘণ্টার আল্টিমেটাম দেন তারা।

১৩ জুলাই শনিবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা। একই দাবিতে ১৪ জুলাই রোববার রাষ্ট্রপতির কাছে স্মারকলিপিও প্রদানের ঘোষণা দেন তারা। পাশাপাশি জেলা শহরগুলোতে শিক্ষার্থীদের পদযাত্রা সহকারে জেলা প্রশাসকের কার্যালয়ে স্মারকলিপি প্রদানের কর্মসূচি ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুর সদর থানা বিএনপি কাউন্সিল ঘিরে উত্তেজনা

## গণতান্ত্রিক প্রক্রিয়ার দাবি তীব্রতর

নিজস্ব প্রতিবেদক

চলতি মাসের শেষ দিকে অনুষ্ঠিত হতে যাচ্ছে মেহেরপুর সদর থানা বিএনপির বহুল প্রত্যাশিত কাউন্সিল। তবে কাউন্সিলের আগেই নেতা-কর্মীদের মধ্যে শুরু হয়েছে তীব্র উত্তেজনা ও মতবিরোধ। যোগ্য নেতৃত্ব বাছাই ও গণতান্ত্রিক পদ্ধতিতে সিদ্ধান্ত গ্রহণের দাবিতে সরব হয়েছেন নেতাকর্মীরা।

এদিকে গত শুক্রবার রাতে কুতুবপুর ইউনিয়নের একদল নেতা-কর্মী জেলা বিএনপির কার্যালয়ে গিয়ে সদর থানা বিএনপির সভাপতি পদে ফয়েজ মোহাম্মদকে মনোনয়ন দেওয়ার দাবি তোলেন। এ দাবিকে ঘিরে কার্যালয়ে তৈরি হয় উত্তপ্ত পরিস্থিতি। পরদিন শনিবার কুতুবপুরের নেতা-কর্মীরা প্রেসক্লাব চত্বরে বিক্ষোভ সমাবেশ করে ফয়েজ মোহাম্মদকে সভাপতি করার দাবি জানান। অন্য দিকে বাকিরা চায় গণতান্ত্রিক প্রক্রিয়ায় দলের নতৃত্ব। সদর থানায় একাধিক প্রার্থী রয়েছে সভাপতি পদে। শ্যাপুর ইউনিয়নের সভাপতি খায়রুল ইসলাম ও বাড়াদি ইউনিয়নের লিয়াকত হোসেনও এই পদে সম্ভাব্য প্রার্থী হিসেবে আলোচনায় রয়েছেন। ফলে এককভাবে কাউকে মনোনয়ন দেওয়া হলে তা বিরূপ প্রভাব ফেলবে বলে মনে করছেন দলীয় নেতা-কর্মীরা।

দলীয় সূত্রে জানা গেছে, অধিকাংশ নেতাকর্মী গণতান্ত্রিক পদ্ধতিতে স্বচ্ছ ও গ্রহণযোগ্য কাউন্সিল চান। দলের একজন জ্যেষ্ঠ নেতা বলেন, "একপক্ষীয় চাপের মাধ্যমে কাউকে মনোনয়ন দিলে তা দলীয় ঐক্যের জন্য হুমকি হয়ে দাঁড়াবে।" কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শহিদুল আলম বলেন, "বিনা ভোটে কাউকে সভাপতি করার প্রস্তাব দলীয় নীতিমালার পরিপন্থী। ইউনিয়ন পর্যায়ে সবার মতামতের ভিত্তিতে কমিটি হওয়া উচিত।" আমঝুপি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক হাফিজুর রহমান বলেন, "আমরা গণতন্ত্রের জন্য আন্দোলন করছি। অথচ সদর থানার সভাপতি নির্বাচনে যদি গণতন্ত্র না থাকে, তবে তা আত্মঘাতী হবে। প্রতিটি ওয়ার্ড থেকে শুরু করে ইউনিয়ন পর্যন্ত নির্বাচন হওয়া উচিত। এখনও কুতুবপুরে সম্মেলন হয়নি, সেখানে ফয়েজ মোহাম্মদ কীভাবে সভাপতি হতে চান?" এ বিষয়ে বিএনপির নেত্রী রোমানা ইসলাম বলেন, ফয়েজ ভাই একাতো আন্দোলন সংগ্রাম করে মেহেরপুরকে টিকিয়ে রাখিনি। ঠিকায়ে রেখেছে ফয়েজ ভাইয়ের মতো আমাদের মতো হাজার হাজার নেতা কর্মী। কর্মীরাও তো এখন নেতা হতে চায়। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়া বলেছেন মিছিলের শেষ যে ব্যক্তিটা আছে লাইনে তাকেও নেতা হওয়ার সুযোগ দিতে হবে। তাহলে সেইসুযোগ তো ফয়েজ ভাইয়ের মতো নেতাকে করে দিতে হেব। যদি তিনি সে সুযোগ না দিয়ে নিজেই নেতা হতে চাই তাহলেতো হবেনা, এটা অগণতান্ত্রিক। যারা এখন দায়িত্বশীল নেতা কর্মী আছে তাদেরকে একটা বিভ্রান্তির মধ্যে ফেলে দেওয়া, প্রশ্নের সম্মুখীন করা। আরো যারা আহ্বায়ক কমিটিতে আছে যেমন মুজিবনগর উপজেলার আমিরুল ইসলাম তিন চার বার ভোট

২-এর পৃষ্ঠা দেখুন



# চীনা বেইজিং হাঁসেই রশিদুলের স্বচ্ছলতা

রাব্বি আহম্মেদ

চীনের 'বেইজিং' জাতের হাঁস পালন করে স্বাবলম্বী হয়েছেন মেহেরপুরের গাংনী উপজেলার থানাপাড়া গ্রামের রশিদুল ইসলাম। বর্তমানে তাঁর খামারে রয়েছে প্রায় ৬শ টি হাঁস, যেখান থেকে প্রতি মাসে তিনি আয় করছেন প্রায় পাঁচ লাখ টাকা। খামার পরিচালনায় পরামর্শ ও সহযোগিতা দিচ্ছে জেলা প্রাণিসম্পদ বিভাগ। মেহেরপুরের গাংনী উপজেলার থানাপাড়া গ্রামের বাসিন্দা রশিদুল ইসলাম পেশায় ছিলেন একজন সাইকেল মেকানিক। পারিবারিক সচ্ছলতা ফিরিয়ে আনতে সাইকেল মেরামতের পাশাপাশি তিনি ব্রয়লার ও সোনালি মুরগি পালনের কাজ শুরু করেন। কিন্তু করোনাকালীন সময়ে মুরগির খাদ্যের দাম বেড়ে যাওয়ায় চরম লোকসানের মুখে পড়েন তিনি। তখনই তিনি হাঁস পালনের দিকে ঝুঁকে পড়েন। প্রথমে ১০০টি চীনের

২-এর পৃষ্ঠা দেখুন

## ব্যক্তিতান্ত্রিক স্বৈরতন্ত্র প্রতিষ্ঠানগুলো ধ্বংস করেছে: আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের গত ১৬ বছরের শাসনামলকে 'ব্যক্তিতান্ত্রিক স্বৈরতন্ত্র' হিসেবে আখ্যা দিয়েছেন যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক এবং জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি আলী রীয়াজ। তাঁর ভাষায়, এই শাসনব্যবস্থা রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে ধ্বংস করে দিয়েছে এবং গণতন্ত্রের বিকাশে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। শনিবার দুপুরে রাজধানীর সেগুনবাগিচাস্থ ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। "ছাত্র-শ্রমিক-জনতার গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি ও বাংলাদেশের গণতান্ত্রিক অভিযাত্রা" শীর্ষক এই সভার আয়োজন করে গণতান্ত্রিক রাষ্ট্র পরিষদ।

আলোচনায় অধ্যাপক আলী রীয়াজ বলেন, "ব্যক্তিতান্ত্রিক স্বৈরতন্ত্র প্রতিষ্ঠানগুলো ধ্বংস করে দিয়েছে। আমাদের আ া কা ঙ ্ ক্ষা ড় এ ক টি জবাবদিহিমূলক ব্যবস্থা। যেখানে ব্যক্তি নয়, প্রতিষ্ঠান হবে প্রধান; এবং সেই প্রতিষ্ঠান ব্যক্তিকে নিয়ন্ত্রণ করবে। আমরা চাই, রাষ্ট্রের ক্ষমতায় ভারসাম্য ও গণতান্ত্রিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হোক।"

তিনি আরও বলেন, "এই লড়াই আজকের নয়, গত ৫৩ বছর ধরে বাংলাদেশের মানুষ গণতন্ত্রের জন্য লড়াই করছে। একসময় দেশে একদলীয় শাসনব্যবস্থা কায়েম হয়েছিল, সেখান থেকেও মানুষ রুখে দাঁড়িয়েছিল। আজও মানুষ ১৬ বছরের ফ্যাসিবাদী শাসনের বিরুদ্ধে লড়াই করে

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে অবৈধ বালু উত্তোলনে ভ্রাম্যমাণ আদালতের ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলায় অবৈধভাবে বালু উত্তোলনের দায়ে এক ইটভাটা ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। শনিবার (১২ জুলাই) বিকেলে উপজেলার চিৎলা গ্রামে এ অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদ্দাম হোসেন। অভিযানে গাংনী থানা পুলিশের একটি টিম সহায়তা করে।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালানো হয়। অভিযানে দেখা যায়, গাংনী থানা পাড়ার বাসিন্দা হামিদুল ইসলামের ছেলে জিয়া নামের এক ইটভাটা ব্যবসায়ী স্থানীয় আনারুল ইসলামের

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে কারিগরি শিক্ষক পরিষদের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত

গাংনী প্রতিনিধি

পেশাজীবী সংগঠনের দাওয়াতি গণসংযোগ সপ্তাহ উপলক্ষে মেহেরপুরের গাংনীতে কারিগরি শিক্ষক পরিষদের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১২ জুলাই) সকাল ১০টায় গাংনী সিদ্দিকিয়া সিনিয়র মাদ্রাসার হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা কারিগরি শিক্ষক পরিষদের সভাপতি মো. জালাল উদ্দিনের সঞ্চালনায় সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের গাংনী উপজেলা শাখার সভাপতি মাওলানা আবুল হাশেম।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আদর্শ শিক্ষক ফেডারেশনের মেহেরপুর জেলা সভাপতি অধ্যক্ষ আল-আমিন ইসলাম বকুল। তিনি তাঁর বক্তব্যে বলেন, "শিক্ষকদের বেতন বৈষম্য দূর করতে হবে। পাশাপাশি শিক্ষক সমাজকে অনৈতিক কর্মকাণ্ড থেকে বিরত থেকে নৈতিকভাবে সৎচরিত্র ও যোগ্যতা সম্পন্ন হতে হবে।"

তিনি আরও বলেন, "কেন্দ্রীয় নেতৃবৃন্দের মাধ্যমে শিক্ষকদের ন্যায্য দাবিদাওয়ার আদায়ে কাজ অব্যাহত রয়েছে। আগামীতে মেহেরপুর জেলায় আদর্শ শিক্ষক ফেডারেশনকে আরও শক্তিশালী করে কারিগরি ও সাধারণ শিক্ষকদের সকল বৈষম্য ও সমস্যার সমাধান করা হবে।"

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী গাংনী উপজেলা শূরা ও কর্মপরিষদ সদস্য মাওলানা আব্দুল হালিম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন আদর্শ শিক্ষক ফেডারেশনের জেলা সেক্রেটারি মুহাম্মদ হাবিবুর রহমান, ফোরাম অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (এফডিইবি) মেহেরপুর জেলা সভাপতি মো. মাসুদ পারভেজ, শিক্ষক নেতা হাসানুজ্জামান খান,

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে আমীন সমাজ কল্যাণ সমিতির কাউন্সিল অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে আমীন সমাজ কল্যাণ সমিতির ত্রি-বার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে উপজেলার পূর্বমালসাদহে অবস্থিত ধানসিঁড়ি রিসোর্ট সেন্টার অ্যান্ড রেস্টুরেন্টে এ কাউন্সিল অনুষ্ঠিত হয়।

এ সময় মেহেরপুর জেলা, সদর উপজেলা, গাংনী উপজেলা ও মুজিবনগর উপজেলা কমিটি গঠন করা হয়।

জেলা কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন রমজান আলী, সাধারণ সম্পাদক আলাউদ্দীন এবং কোষাধ্যক্ষ আহসান হাবীব। সদর উপজেলা কমিটিতে সভাপতি হয়েছেন মকলেছুর রহমান, সাধারণ সম্পাদক মনোরুদ্দীন ও কোষাধ্যক্ষ ইভান আলী। গাংনী উপজেলা

২-এর পৃষ্ঠা দেখুন



## ফয়েজ মোহাম্মদকে সভাপতি করার দাবিতে মেহেরপুরে বিএনপির বিক্ষোভ মিছিল

তৌহিদুল ইসলাম তুহিন

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদকে সদর উপজেলা বিএনপির সভাপতি করার দাবিতে বিক্ষোভ মিছিল করেছেন

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী উপজেলায় এসএসসিতে সাফল্যের আলো-ছায়া

### কিছু বিদ্যালয়ে শতভাগ পাস, অন্যত্র হতাশাজনক ফলাফল

গাংনী প্রতিনিধি

২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর মেহেরপুর জেলার গাংনী উপজেলায় বিদ্যালয়ভিত্তিক ফলাফল বিশ্লেষণে দেখা গেছে একদিকে অসাধারণ সাফল্যের ঝলক, অন্যদিকে হতাশাজনক কিছু ফলাফল। গাংনী উপজেলার প্রায় ৭০টির বেশি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে অনেকেই গৌরবোজ্জ্বল সাফল্য অর্জন করলেও বেশ কিছু প্রতিষ্ঠানের ফলাফল আশানুরূপ নয়।

বিশেষ করে এস কে আর এস মাধ্যমিক বিদ্যালয় ও বিপিএন মাধ্যমিক বিদ্যালয় শতভাগ পাশের হার অর্জন করে শিক্ষা মানের নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে। এছাড়া সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ ৯৭.৫৬% পাশের হার নিয়ে শীর্ষ প্রতিষ্ঠানের তালিকায় জায়গা করে নিয়েছে। এই

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে মিটফোর্ডে ব্যবসায়ী সোহাগ হত্যার প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুর প্রতিনিধি

রাজধানীর মিটফোর্ড হাসপাতালে ব্যবসায়ী সোহাগকে নৃশংসভাবে কুপিয়ে হত্যা করার ঘটনার প্রতিবাদে শনিবার বিকেলে মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় দুই পক্ষের সংঘর্ষে বাড়িঘর ভাঙচুর, গাড়িতে আগুন

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার চক কৃষ্ণপুর গ্রামে পূর্ব বিরোধের জেরে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। শুক্রবার (১১ জুলাই) রাত ১০টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে। এসময় এক পক্ষের বাড়িঘর ভাঙচুর, লুটপাট, একটি মাইক্রোবাসে অগ্নিসংযোগ এবং তিনটি মোটরসাইকেল ভাঙচুর করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিনের বিরোধের জেরে একই এলাকার সানজিদ হোসেন (৪৫) ও আব্দুল জাব্বার (৪২) পক্ষের

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

(খবর: বিভাজনে ভুগছে মেহেরপুর বিএনপি)

জমির ভাগ টাকার ভাগ
ভাগ সকল জিনিসে
মেহেরপুরের বিএনপি
ঝুলছে দু ?খতিনে।
এক খতিয়ান খারিজ করা
আরেক খতিয়ান বন্ধকে
কাদের খতিয়ান সঠিক হবে
জানেনা তা ভোটারে।
কেউ বলছে মাসুদ অরুন
কেউ বলছে কামরুলে
এমন ধারা চললে এখন
সুযোগ নেবে অন্যতে।
বলছে ভোটার থাক গে তোরা
তোদের কথার এত বিষ
আমরা হলাম তারই দলে
যে আনবে ধানের শিষ ।



## মুজিবনগরে আরএমপি ওয়েলফেয়ার সোসাইটির আলোচনা সভা ও কমিটি গঠন

মুজিবনগর প্রতিনিধি

আরএমপি ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে এবং কুদরত-ই-খুদা ল্যাব ও ক্লিনিকের সহযোগিতায় মুজিবনগর উপজেলা শাখার আলোচনা সভা ও কমিটি গঠন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১২ জুলাই) দুপুরে মুজিবনগর জিনিয়াস স্কুল মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় চিকিৎসা সংকট: আইসিইউ আছে, চিকিৎসক নেই দুই বছর ধরে বাক্সবন্দি যন্ত্রপাতি, রোগীরা পথে মৃত্যুর মুখে

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গা ২৫০ শয্যার সদর হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) দুই বছর আগে স্থাপন করা হলেও এখনো চালু হয়নি। প্রয়োজনীয় অবকাঠামো ও যন্ত্রপাতি থাকলেও কেবল জনবল না

২-এর পৃষ্ঠা দেখুন

## পতনের ধাক্কা সামলে ঘুরে দাঁড়াচ্ছে পুঁজিবাজার

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘদিনের পতনের ধাক্কা সামলে আস্তে আস্তে ঘুরে দাঁড়াচ্ছে দেশের পুঁজিবাজার। চলতি সপ্তাহের শুরু থেকেই বাজারে তেজিভাব পরিলক্ষিত হচ্ছে, যা বুধবারও অব্যাহত ছিল। এদিন সূচকের উত্থান এবং লেনদেন বৃদ্ধির মধ্য দিয়ে কার্যক্রম শেষ করেছে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)। ডিএসই সূত্রে জানা গেছে, বুধবার প্রধান সূচক ডিএসইএক্স ৫৩ দশমিক ৮২ পয়েন্ট বেড়ে দাঁড়িয়েছে ৫ হাজার ৩৫ পয়েন্টে। ডিএসই শরিয়াহ সূচক বেড়েছে ১০ দশমিক ৩৫ পয়েন্ট, দাঁড়িয়েছে ১ হাজার ৯৪ পয়েন্টে। আর ডিএস৩০ সূচক

২-এর পৃষ্ঠা দেখুন



## ভেড়ামারায় স্বেচ্ছাসেবক দল নেতার বাড়িতে আগুন, ককটেল বিস্ফোরণ

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার ভেড়ামারায় এক স্বেচ্ছাসেবক দলের নেতার বাড়িতে হামলার অভিযোগ উঠেছে। এসময় ওই নেতার ছোট ভাইয়ের ঘ?রে আগুন ধ?রি?য়ে দেওয়া হয়। পরে হামলাকারীরা কক?টেল ফাটিয়ে এলাকায় আতঙ্ক ছড়িয়ে চলে যায়।

শুক্রবার (১১ জুলাই) দিবাগত রাত ১টার দিকে উপজেলার বাহাদুরপুর

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ রোববার ॥ ২৯ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ১৩ জুলাই ২০২৫ইং


# যুবকের জামা-জুতা পর্যন্ত খুলে নিলো ছিনতাইকারীরা



সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীতে ছিনতাইয়ের ঘটনা আশঙ্কাজনক হারে বেড়ে চলেছে। দিনদিন বেপরোয়া হয়ে উঠছে ছিনতাইকারীরা। আইনশৃঙ্খলা বাহিনী তৎপর থাকলেও শহরের বিভিন্ন এলাকায় প্রতিনিয়ত ঘটছে নতুন নতুন কৌশলে চাঞ্চল্যকর ছিনতাই। এমনই এক নজিরবিহীন ও নির্মম ছিনতাইয়ের ঘটনা ঘটেছে রাজধানীর শ্যামলীতেড়যেখানে ভুক্তভোগী যুবকের সঙ্গে থাকা সর্বস্ব লুটের পাশাপাশি খুলে নেওয়া হয়েছে তার গায়ের পোশাক ও পায়ের জুতা পর্যন্ত।

এই মর্মান্তিক ঘটনার একটি সিসিটিভি ফুটেজ ইতোমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে, যা দেখে শহরবাসীর মধ্যে নেমে এসেছে আতঙ্ক ও ক্ষোভ।

ভিডিও ফুটেজে দেখা যায়, শুক্রবার (১১ জুলাই) ভোর ৬টার দিকে শ্যামলী ২ নম্বর রোডে অবস্থিত একটি কাজী অফিসের দিক থেকে ছাতা হাতে এক যুবক হেঁটে যাচ্ছিলেন। ঠিক তখনই পেছন দিক থেকে একটি মোটরসাইকেলে আসা তিনজন

৩-এর পৃষ্ঠা দেখুন



# রসুন: দৈনন্দিন জীবনের অমুল্য প্রতিকার

সূর্যোদয় প্রতিবেদন

প্রাচীনকাল থেকেই রসুন মানব জীবনের এক অপরিহার্য উপাদান হিসেবে পরিচিত। শুধু রান্নায় স্বাদ বাড়ানোর জন্য নয়, বরং এটি বিভিন্ন রোগ প্রতিরোধে ও স্বাস্থ্য সুরক্ষায় এক অনন্য ঔষধ হিসেবে বিবেচিত। আধুনিক বৈজ্ঞানিক গবেষণাও প্রমাণ করেছে, রসুনে রয়েছে নানা ধরনের ঔষধি গুণ, যা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে, হৃদরোগ, উচ্চ রক্তচাপ ও কোলেস্টেরল নিয়ন্ত্রণে সাহায্য করে।

রসুনের দৈনিক ব্যবহার: সময় ও পদ্ধতি স্বাস্থ্য বিশেষজ্ঞরা পরামর্শ দেন, প্রতিদিন সকালে খালি পেটে ১-২ কোয়া রসুন খাওয়া সবচেয়ে কার্যকর। এতে শরীরে রক্ত পরিস্রুত হয় এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। তবে যাদের পেট সংক্রান্ত সমস্যা রয়েছে, তাদের জন্য রান্না করা রসুন বা খাবারের সঙ্গে রসুন গ্রহণ করাই উত্তম। রান্নায় রসুনের ব্যবহার আমাদের প্রাত্যহিক খাদ্যাভাসের অপরিহার্য অংশ হওয়া উচিত, কারণ এটি স্বাদ বাড়ানো ছাড়াও শরীরের জন্য নানা উপকার বয়ে আনে। রসুনের স্বাস্থ্যগত উপকারিতা : ১. রক্তে কোলেস্টেরল নিয়ন্ত্রণ: রসুন খেলে খউখ বা ক্ষতিকর কোলেস্টেরল কমে যায় এবং ঐউখ বা উপকারী কোলেস্টেরল বৃদ্ধি

৩-এর পৃষ্ঠা দেখুন

# ঝিনাইদহে বিএনপি'র সদস্য নবায়ন ও সদস্য সংগ্রহ শুরু

ঝিনাইদহ প্রতিনিধি



ঝিনাইদহে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কর্মসূচি শুরু হয়েছে। আগামী এক মাসব্যাপী জেলার সকল উপজেলা, থানা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে এ কর্মসূচি চলবে। গতকাল শনিবার বেলা ১১টায় জেলা শহরের একটি কমিউনিটি সেন্টারে কর্মসূচির উদ্বোধন করেন ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক সহ সভাপতি শেখ আব্দুল হালিম খোকন। জেলা বিএনপির সভাপতি এ্যাড. এমএ মজিদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা'র সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ সাংগঠনিক সম্পাদক (খুলনা বিভাগীয়) বাবু জয়ন্ত কুমার কুন্ডু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল, জাতীয় নির্বাহী কমিটির সদস্য মীর রবিউল ইসলাম লাবলু, সেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ, বিএনপির নির্বাহী কমিটির সদস্য মো. আবু সাঈদ, ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক সহ সভাপতি তারেকুজ্জামান তারেক। সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কর্মসূচিতে জেলার বিভিন্ন উপজেলা, পৌরসভা ও

৩-এর পৃষ্ঠা দেখুন



# মিটফোর্ডে সোহাগ হত্যার ঘটনায় ছায়া তদন্ত করছে র‌্যাব

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর পুরান ঢাকার মিটফোর্ড হাসপাতালের সামনে ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগ হত্যার ঘটনায় র‌্যাব ছায়া তদন্ত করছে বলে জানিয়েছেন বাহিনীটির মহাপরিচালক (ডিজি) একেএম শহিদুর রহমান।

শনিবার (১২ জুলাই) কারওয়ান বাজারে র‌্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত ব্রিফিংয়ে তিনি এ কথা জানান। সোহাগ হত্যার ঘটনায় এরই মধ্যে পাঁচজনকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহি

৩-এর পৃষ্ঠা দেখুন

# ডিসেম্বরের মধ্যে নির্বাচনের প্রস্তুতি সম্পন্ন করতে চাই স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ডিসেম্বর মাসের মধ্যেই জাতীয় নির্বাচনের প্রস্তুতি সম্পন্ন করতে চায় সরকার। নির্বাচন কমিশন কবে নির্বাচন অনুষ্ঠিত হবে তা ঘোষণা করলেও, আইনশৃঙ্খলা বাহিনী ও প্রশাসনিক কাঠামোর প্রস্তুতি ডিসেম্বরের মধ্যেই চূড়ান্ত করতে চায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়। শনিবার (১২ জুলাই) পুরান ঢাকার মিল ব্যারাকে ঢাকা জেলা পুলিশ লাইন, রেঞ্জ রিজার্ভ ফোর্স (আরআরএফ) এবং ট্রাফিক অ্যান্ড ড্রাইভিং স্কুল (টিডিএস) পরিদর্শনে গিয়ে এসব কথা বলেন স্বরাষ্ট্র উপদেষ্টা মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী। পুলিশ সদস্যদের সঙ্গে মতবিনিময়

৩-এর পৃষ্ঠা দেখুন




# আগে সংস্কার, পরে নির্বাচন সরকারের মুখে এমন কথা শুনতে চাই না- মঈন খান

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডঃ আবদুল মঈন খান বলেছেন, ?'সংস্কার ও বিচার একটি চলমান প্রক্রিয়া। তাই "আগে সংস্কার, পরে নির্বাচন" জাতীয় বক্তব্য আমরা অন্তর্বর্তীকালীন সরকারের মুখে শুনতে চাই না।' শনিবার (১২ জুলাই) দুপুরে রাজশাহী নগরের মালোপাড়া ভুবন মোহন পার্কে মহানগর বিএনপির সদস্য সংগ্রহ ও নবায়ন উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মঈন খান বলেন, 'গত ১৬ বছরে দেশের তরুণ সমাজ

৩-এর পৃষ্ঠা দেখুন




# 'রাজনৈতিক শেল্টার' ছাড়া খুন, হামলা হচ্ছে না: বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

সূর্যোদয় প্রতিবেদন

রাজনৈতিক আশ্রয় ছাড়া দেশে খুন, হামলা ও মামলার ঘটনা ঘটছে না বলে দাবি করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সংগঠনটি বলেছে, প্রতিটি হত্যাকাণ্ডের পেছনে রয়েছে রাজনৈতিক ইন্ধন। শনিবার (১২ জুলাই) বেলা ১১টায় রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে এক সংবাদ সম্মেলনে সংগঠনের নেতারা এসব মন্তব্য করেন। মিটফোর্ড এলাকায় ভাঙারি ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে নৃশংসভাবে হত্যার প্রসঙ্গ তুলে তাঁরা বলেন, এই ঘটনা রাজনৈতিক সহিংসতার চরম বহিঃপ্রকাশ। সংগঠনের সভাপতি রশিদুল ইসলাম (রিফাত রশীদ) বলেন, "প্রতিটি খুন, হামলা ও মামলার পেছনে

৩-এর পৃষ্ঠা দেখুন

# ২০২৬ টিটোয়েন্টি বিশ্বকাপ নিশ্চিত হলো ১৫টি দেশের

সূর্যোদয় প্রতিবেদন

২০২৬ সালের আইসিসি টিটোয়েন্টি বিশ্বকাপে খেলা নিশ্চিত করেছে ১৫টি দেশ। সম্প্রতি ইউরোপ অঞ্চল থেকে ইতালি ও নেদারল্যান্ডস প্রথমবারের মতো বিশ্বকাপের মূল পর্বে জায়গা করে নেওয়ার মাধ্যমে এই সংখ্যা পৌঁছেছে পনেরোতে। আগামী টিটোয়েন্টি বিশ্বকাপ যৌথভাবে অনুষ্ঠিত হবে ভারত ও শ্রীলঙ্কায়। মোট ২০টি দল নিয়ে আয়োজিত হবে এ টুর্নামেন্ট, যার মধ্যে আয়োজক হিসেবে ভারত ও শ্রীলঙ্কা আগেই অংশগ্রহণ নিশ্চিত করেছে।

২০২৪ টিটোয়েন্টি বিশ্বকাপে সুপার এইটে জায়গা করে নেওয়া ছয়টি দল সরাসরি ২০২৬ বিশ্বকাপের টিকিট পেয়েছে। দলগুলো হলোড়বাংলাদেশ, আফগানিস্তান, অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও যুক্তরাষ্ট্র। আয়োজক ভারতের

৩-এর পৃষ্ঠা দেখুন




# তিন আসামিকে এজাহার থেকে বাদ দেওয়ায় প্রশ্ন বিএনপির ৩ সংগঠনের

সূর্যোদয় প্রতিবেদন

পুরান ঢাকার মিটফোর্ড হাসপাতালের সামনে গত ৯ জুলাই বুধবার এক ভাঙারি ব্যবসায়ীকে প্রকাশ্যে মাথা থেঁতলে হত্যা করার ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক আলোড়ন তৈরি হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত ভয়াবহ ভিডিওটি দেশজুড়ে শোক ও ক্রোধের সৃষ্টি করেছে। কিন্তু মূল হত্যাকারীদের এখনও গ্রেফতার না করা এবং মামলার এজাহার থেকে তিন মূল আসামিকে বাদ দেয়ার বিষয়টি নিয়ে বিএনপির তিন অঙ্গসংগঠন তীব্র প্রশ্ন তোলেছে।

শনিবার (১২ জুলাই) রাজধানীর নয়া পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের ব্রিফিং রুমে জাতীয়তাবাদী যুব দল, জাতীয়তাবাদী

৩-এর পৃষ্ঠা দেখুন

# ককপিটের অডিও যেভাবে বিধ্বস্ত এয়ার ইন্ডিয়া বিমানের রহস্যকে ঘনীভূত করছে

সূর্যোদয় প্রতিবেদন

গত জুনে আহমেদাবাদে বিধ্বস্ত হওয়া এয়ার ইন্ডিয়ার ফ্লাইট ১৭১-কে ঘিরে প্রকাশিত তদন্তের প্রাথমিক প্রতিবেদন দেশ-বিদেশের বিমান নিরাপত্তা মহলে নতুন করে উদ্বেগ সৃষ্টি করেছে। উড্ডয়নের কিছু সেকেন্ডের মধ্যেই ১২ বছর পুরনো বোয়িং ৭৮৭ ড্রিমলাইনারের ইঞ্জিনে জ্বালানি সরবরাহ বন্ধ হয়ে যাওয়া এবং ককপিটে রেকর্ড হওয়া এক রহস্যময় কথোপকথন এই দুর্ঘটনাকে ঘিরে অনেকগুলো অজানা প্রশ্নের জন্ম দিয়েছে।


ফ্লাইটটি আহমেদাবাদ বিমানবন্দর থেকে আকাশে ওড়ার পর মাত্র ৪০ সেকেন্ডের মধ্যেই একটি জনবসতিপূর্ণ এলাকায় বিধ্বস্ত হয়। ফ্লাইটর?্যাডার২৪-এর তথ্য অনুযায়ী, সর্বোচ্চ ৬২৫ ফুট উচ্চতায় পৌঁছার পরই বিমানের 'লোকেশন ডেটা' হারিয়ে যায়। এই সময়ের মধ্যেই বিমানের দুটি ইঞ্জিনের একটি সম্পূর্ণভাবে থেমে যায় এবং অপরটি আংশিকভাবে কার্যক্ষমতা হারায়। ভারতের এয়ারক্রাফট অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন ব্যুরো প্রকাশিত প্রাথমিক তদন্তে বলা হয়েছে, বিমানটির ফুয়েল কন্ট্রোল সুইচ হঠাৎ করে 'কাট-অফ' পজিশনে চলে গিয়েছিল, যার ফলে ইঞ্জিনে জ্বালানি

৩-এর পৃষ্ঠা দেখুন

# ইউটিউবে চালু হচ্ছে নতুন নিয়ম

সূর্যোদয় প্রতিবেদন

জনপ্রিয় ভিডিও শেয়ারিং প্ল্যাটফর্ম 'ইউটিউব' কনটেন্ট ক্রিয়েটরদের জন্য নতুন নিয়ম চালু করতে যাচ্ছে। নতুন নিয়ম অনুযায়ী ইউটিউবাররা তাদের পুরোনো ভিডিও দ্বিতীয়বার আপলোড করে সেখান থেকে আয় করতে পারবেন না। আগামী ১৫ জুলাই থেকে ইউটিউব তাদের নিয়মে এই পরিবর্তন আনতে চলেছে। এর পেছনে আছে বিশেষ এক কারণ। মূলত যে ইউটিউবাররা ভালো কাজ করছেন তাদের সুরক্ষা প্রদান এবং প্ল্যাটফর্মের অপব্যবহার বন্ধ করার লক্ষ্যেই নতুন এই নিয়ম আনতে চলেছে সংস্থাটি।



অনেক ইউটিউবাররাই তাদের চ্যানেলে নিজেদের পূর্ব প্রকাশিত ভিডিও ফের আপলোড করেন এবং সেখান থেকে অনৈতিকভাবে আয় করেন। শুধু তাই নয় সম্প্রতি দেখা গিয়েছে, বেশ কিছু ইউটিউবার তাদের চ্যানেলে অন্য ইউটিবারের বানানো ভিডিও কিংবা কৃত্রিম মেধা দ্বারা তৈরি করা ভিডিও আপলোড করে সেখান থেকে আয় করছেন। মূলত এই ধরনের অন্যায্য কার্যকলাপ থেকে ইউটিউবারদের বিরত রাখতে এবং প্ল্যাটফর্মের গুরুত্ব ও গ্রহণযোগ্যতা আরো বাড়িয়ে তুলতে নতুন এই পদক্ষেপ গ্রহণ করতে চলেছে প্ল্যাটফর্মটি। অনেকেরই জনপ্রিয় ভিডিও স্ট্রিমিং প্ল্যাটফর্ম ইউটিউবে চ্যানেল রয়েছে। বিভি-ন্ন ধরনের কনটেন্ট বানিয়ে মাসে লাখ লাখ টাকা আয় করছেন এই প্ল্যাটফর্ম থেকে। শুধু বিনোদনের মাধ্যম নয়, অনেকের আয়ের মাধ্যম এখন

৩-এর পৃষ্ঠা দেখুন




# জরিমানা করে কাজ হবে না, খেলোয়াড়েরা অনেক ধনী বলছেন মাইকেল ভন

সূর্যোদয় প্রতিবেদন

লর্ডসে ভারত-ইংল্যান্ড টেস্ট ম্যাচে ধীরগতির ওভার রেট নিয়ে সরব হয়েছেন ইংল্যান্ডের সাবেক অধিনায়ক মাইকেল ভন। তাঁর মতে, শুধুমাত্র অর্থদণ্ড দিয়ে এই সমস্যার সমাধান সম্ভব নয়। খেলায় গতি ফেরাতে হলে বাধ্যতামূলকভাবে প্রতিদিন ৯০ ওভার করানোর নিয়ম কার্যকর করতে হবে। প্রথম দুই দিনে নির্ধারিত ১৮০ ওভারের বদলে খেলা হয়েছে মাত্র ১৫৮ ওভার। ২২ ওভার কম হওয়ার বিষয়টি নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন ভন। তাঁর মতে, "খেলোয়াড়রা এত ধনী যে ম্যাচ ফি-র ১৫ বা ২৫ শতাংশ জরিমানা তাদের মনে কোনো দাগই ফেলে না।" আইসিসি ধীর ওভার রেট কমাতে 'স্টপ ক্লক' নিয়ম চালু

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, রোববার, ১৩ জুলাই ২০২৫ ইং

## মেহেরপুরে ইট ভাঙার নামে দখলদারি সিন্ডিকেট ভাঙতেই হবে

মেহেরপুর জেলায় ইট ভাঙার খাতে যা চলছে, তা আর কোনোভাবেই ছোটখাটো অনিয়ম বলা যাবে না এটা একটি গোছানো, সংগঠিত, এবং দখলদার সিন্ডিকেটের অপতৎপরতা। গাংনীসহ আশপাশের উপজেলায় প্রতি গাড়ি ইট ভাঙার খরচ যেখানে ১২০০ টাকার মধ্যে থাকে, সেখানে মেহেরপুরে সেই একই কাজের জন্য আদায় করা হচ্ছে ১৯০০ থেকে ২০০০ টাকা। ভুক্তভোগীদের ভাষায়"সমিতি ছাড়া কোনো গাড়ি পাওয়া যায় না", আর বাইরের জেলা থেকে গাড়ি আনতে চাইলে সরাসরি বাধা দেওয়া হয়। তথাকথিত ইটভাঙা গাড়ি মালিক সমিতি এখন একচেটিয়া নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে ফেলেছে। তারা ঠিক করে দেয় কোন গাড়ি কোথায় যাবে, কে কাকে সেবা দেবে, এবং কত দামে দেবে। একজন গাড়ি মালিক স্বীকার করেছেন, প্রতিটি গাড়ির থেকে ৩০০ টাকা করে 'সমিতি চাঁদা' দিতে হয়। সমিতির বাইরে কোনো কাজ করা মানেই সদস্যপদ বাতিল, ব্যবসা শেষ। ভুক্তভোগী সাধারণ মানুষদের অভিজ্ঞতা আরও ভয়াবহ। একজন জানান, ৬ হাজার ইট ভাঙতে তাকে দিতে হয়েছে ৬ হাজার টাকাপ্রতিটি ইটে এক টাকা! আরেকজন বললেন, কম দামে কাজ করতে চাওয়ায় তাকে পরিষ্কার জানিয়ে দেওয়া হয়: "আপনার ইট ভাঙা হবে না।" একটা মুক্ত বাজার অর্থনীতিতে মানুষ নিজের ইচ্ছেমতো সেবা নেওয়ার অধিকার রাখে। কিন্তু মেহেরপুরে এই অধিকার কুক্ষিগত করে নিয়েছে কিছু সুবিধাভোগী চক্র। প্রশাসনের নীরবতা ও নিষ্ক্রিয়তা এই দখলদারদের আরও বেপরোয়া করে তুলেছে। এটা শুধু অর্থনৈতিক শোষণ নয়, এটি প্রশাসনিক ব্যর্থতার এক নগ্ন উদাহরণ।সাধারণ মানুষ ইটভাঙা খরচ বাড়িয়ে ঘর নির্মাণ ব্যয় বহন করতে হিমশিম খাচ্ছে। নির্মাণ শ্রমিকদের বদনামের শিকার হতে হচ্ছে, অথচ দোষ তাদের নয়। স্থানীয় ছোট গাড়ি মালিকরাও জিম্মি, স্বাধীনভাবে ব্যবসা করতে পারছে না। বাইরের জেলার সস্তা সেবাও বন্ধ, প্রতিযোগিতামূলক বাজার নষ্ট হয়ে যাচ্ছে।এই অঘোষিত সিন্ডিকেটের বিরুদ্ধে অবিলম্বে প্রশাসনিক তদন্ত ও ব্যবস্থা গ্রহণ। সমিতির বাইরে কাজ করতে ইচ্ছুক মালিকদের আইনি সুরক্ষা নিশ্চিত করা। বাজার মুক্ত করতে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সক্রিয় হস্তক্ষেপ। দুর্নীতির দায়ে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়া। মেহেরপুরের মানুষ জিম্মি হয়ে থাকবে কিছু দখলদার ব্যবসায়ী আর প্রশাসনিক নীরবতার কাছে এটা আর চলতে দেওয়া যায় না। এই চক্র ভাঙতে হলে প্রশাসনকে কঠোর হতে হবে, সক্রিয় হতে হবে, এবং জনগণের পাশে দাঁড়াতে হবে। না হলে দিন দিন সাধারণ মানুষ শুধু ইট নয়, নিজের অধিকারও ভাঙতে বাধ্য হবে।।

## চীনা বেইজিং হাঁসেই রশিদুলের

'বেইজিং' জাতের হাঁস নিয়ে খামার শুরু করেন। শুরুতেই ভালো ফলাফল পেয়ে খামারের পরিধি বাড়ান। এখন তাঁর খামারে রয়েছে ৬০০টির বেশি বেইজিং জাতের হাঁস। হাঁস প্রতিদিন খামার থেকে ২৭০ থেকে ২৮০টি ডিম সংগ্রহ করেন রশিদুল ইসলাম। নিজের বাড়িতেই স্থাপন করেছেন বাচ্চা ফোটানোর মেশিন। এখানেই ফুটে ওঠা বাচ্চাগুলো অনলাইনের মাধ্যমে দেশের বিভিন্ন জায়গায় সরবরাহ করছেন। তিনি প্রতিটি ডিম ২৫ টাকা দরে এবং হাঁসের প্রতিটি বাচ্চা ১০০ থেকে ১২০ টাকা দরে বিক্রি করেন। এর মাধ্যমে প্রতি মাসে আয় প্রায় পাঁচ লাখ টাকা।

খামারী রশিদুল ইসলাম বলেন, প্রথমদিকে ডিম থেকে বাচ্চা ফুটানোর একটি ছোট মেশিন কিনে বাচ্চা বিক্রি শুর করি এখন আমার কাছে ৪ টি আধুনিক ডিম ফুটানোর মেশিন আছে। প্রতিদিনই আনলঅইনের মাধ্যমে অডার নিয়ে ৬৪ টি জেলাই বাচ্চা সরবরাহ করি। গত ১৬ বছর আমি সাইকেল মেকানিক হিসাবে কাজ করে পরিবারে সচ্ছলতা আনতে পারেনি। কিন্তু এই হাস পালনের পর থেকে আমার পরিবারের অভাব দুর হয়ে স্বচ্ছলতা এসেছে।

এলাকা বাসী বলেন, রশিদুল ইসলামের খামার দেখে উদ্বুদ্ধ হয়ে অনেকেই হাঁস পালন শুরু করেছেন। নিয়মিত তাঁর কাছ থেকে হাঁসের বাচ্চা ও পরামর্শ পাওয়া যায়।

গাংনী উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. মো: মোত্তালেব আলী বলেন, খামারটিকে টেকসই করতে তাঁকে নিয়মিত পরামর্শ, ভ্যাকসিন ও প্রয়োজনীয় সহযোগিতা দেওয়া হচ্ছে।

## মেহেরপুর সদর থানা বিএনপি

করেছেন, জয়লাভ ও করেছেন। আমিরুল ইসলাম কিন্তু গণতান্ত্রিক প্রক্রিয়াতে মুজিবনগরে প্রতিদ্বন্দ্বিতা করছে। গত ১৮ বছর যে-সকল নেতা কর্মি আন্দোলন সংগ্রাম করেছে তাদের সুযোগ দিতে হবে। এই সুযোগের দাবিদার তারা। অপর নেতা বলেন, একটা হচ্ছে গণতান্ত্রিক পক্রিয়ায় চাওয়া, আর একটি হচ্ছে জোর জুলুম করে চাওয়া। ফয়েজ মোহাম্মদ জোর জুলুম করে সভাপতি হতে চান। এ পর্যন্ত বিভিন্ন ওয়ার্ড ও ইউনিয়নে যে কমিটিগুলো হয়েছে সেগুলো গণতান্ত্রিক প্রক্রিয়ায় ভোটের মাধ্যমেই হয়েছে। কোনটা গোপন ব্যালটে আবার কোনটা হাত তোলা তুলি করে। ফয়েজ মোহাম্মদ উপজেলার সভাপতি হতে চায় সেটা এখনও দেরি আছে। আগেতো ইউনিট গুলো শেষ করতে হবে। উপজেলা কমিটির আগে ইউনি শেষ করতে হবে। কুতুবপুর ইউনিয়ন এখনও বাকি আছে। কুতুবপুর ইউনিয়ন উনার নিজস্ব ইউনিয়ন। সে ইউনিয়নের সবার সাথে সমন্বয় করে এখনও উনি কমিটি করতে পারেনি। মেহেরপুরে ৭ টি ইউনিয়ন এবং একটি পৌরসভা প্রত্যেকটি ইউনিয়ন এবং পৌর সভা থেকে নেতা কর্মী নিয়ে এসে সে বলুক আমি সভাপতি হতে চাচ্ছি আপনারা আমাকে এদের মধ্যে ঘোষণা দেন ।সবাই যদি তার সাথে থাকে তখন ভোট হলোনা। সবার মতামতে তিনি সভাপতি হলেন। কিন্তু আরো প্রার্থী আছে। তারা লড়াই করতে চায়, তাদের সুযোগ দিতে হবে।বিএনপির একাধিক নেতা অভিযোগ করেন, ফয়েজ মোহাম্মদ নিজের ইউনিয়নে (কুতুবপুর) এখনও কমিটি গঠন করতে পারেননি। অথচ তিনি সদর থানার সভাপতি হতে চান। দলের বিভিন্ন ইউনিয়নে গণতান্ত্রিকভাবে কমিটি হয়েছে। কেউ কেউ দাবি করছেন, তিনি পেশিশক্তি ও চাপ প্রয়োগ করে পদ লাভ করতে চাইছেন, যা অগ্রহণযোগ্য। খায়রুল ইসলাম বলেন, "গণতান্ত্রিক পন্থায় সদর থানার কাউন্সিল হতে হবে। এতে প্রতিদ্বন্দ্বিতা থাকবে, ভোট হবে, এবং নেতা-কর্মীরা যার পক্ষে থাকবে তাকেই নির্বাচিত করা হবে।" অপরদিকে, ফয়েজ মোহাম্মদ নিজেকে বঞ্চিত দাবি করে বলেন,

ফয়েজ মোহাম্মদ বলেন, । আমার বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে। জোর করে ক্ষমতা নেওয়া যায় না। সাংগঠনিক সমস্যা সাংগঠনিক ভাবে সমাধান হতে হবে। আমাকে অনেক আগে থেকে তারা বঞ্চিত করেছে। আমিরুল ইসলাম যুগ্ম আহ্বায়ক সে নিজে মুজিব নগরের চারটি কমিটি করেছে। কামরুল ইসলাম ও জাভেদ মাসুদ মিল্টন গাংনী কমিটি করেছেন। সদরে কামরুল ভাই ও আমি আছি এখানে তো আমার ও কামরুল ভাইয়ের মতামত থাকা উচিত। কিন্তু আমাকে কোন জায়গায় মতা মত রাখতে দেয়নি। আমার কুতুবপুর ইউনিয়নের কমিটিও আমাকে করতে দেওয়া হচ্ছে না। সব ইউনিয়নের কমিটি হলেও কুতুবপুর ইউ নিয়নের কমিটি এখনও হয়নি। সেখান কার ওয়ার্ড কমিটিও হয়নি। সেখানে সবই আমার লোক। কামরুল ইসলামের সাথে কাউরির সম্পর্ক নেই তাই কমিটি হচ্ছে না। বাড়াদির লিয়াকত একজন চাঁদা বাজ। সে এখনও যুবদল করে। দিঘির পাড়ার সাইদুর সেও এক চাঁদাবাজ । এদেরকে কামরুল নিয়ে এসেছে আমার প্রতিপক্ষ করতে। কামরুলের হাতে করা কমিটি । সে চাচ্ছে আমাকে ভোটের মাধ্যমে ফেল করিয়ে দিয়ে বিদায় করতে চাচ্ছে। আহ্বায়ক কমিটিতে ফাটল সম্বন্ধে তিনি আরো বলেন আমার ধারণা সে আমাকে ভয় পায়। তার বিশ্বাস আমি তার সকল কথা শুনবো না , আমি আগামী নির্বাচনে মনোনয়ন পেতে পারি । আমরা সকলে নিজ নিজ ম্যাকানিজামে আমাদের পদ নিয়ে এসেছি। এই কটা মাস তাকে একনিষ্ঠ ভাবে সহযোগিতা করছি সকল ক্ষেত্রে কিন্তু এখন সে আমার বিরুদ্ধে ষড় যন্ত্র করছে জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক কামরুল হাসান বলেন, "দল কারও ব্যক্তিগত সম্পত্তি নয়। সিদ্ধান্ত হবে গণতান্ত্রিকভাবে। আগামী ৩১ জুলাই সদর উপজেলার কাউন্সিল করার পরিকল্পনা রয়েছে। দুই এক দিনের মধ্যে তফসিল ঘোষণা করা হবে। কেউ এখন দাবি করলেই তাকে সভাপতি বানানো যাবে না।"

## দেশের পর্যটনের প্রাণকেন্দ্র হতে পারে মেহেরপুর

মোঃ জাহিদুল ইসলাম



দেখতে দেখতে ৩১ বছর ৫ মাস পূর্ণ করল মেহেরপুর জেলা। ৬৪ জেলার মধ্যে আয়তনের দিক থেকে ৬২তম (৭৫১.৬২ বর্গ কিঃ) মেহেরপুর জেলা যার পশ্চিমাঞ্চল জুড়ে প্রায় ৬০ কিলোমিটার ভারতীয় সীমান্ত রয়েছে। সীমান্ত এলাকায় পর্যটক আকর্ষণের জন্য রিসোর্ট, হোটেল, মোটেল বিনোদন কেন্দ্র, পার্ক এবং স্থলবন্দর নির্মাণ করা গেলে স্থানীয়ভাবে কর্মসংস্থান ও অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধি পাবে। ময়ামারির মাঠে ১০০ একর জায়গার উপর মেহেরপুর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে উক্ত এলাকায় দেশ এবং বিদেশ থেকে লোকজনের সমাগম ঘটবে ফলে এটাকে কেন্দ্র করে ছাত্রাবাস, খাবার হোটেল, আবাসিক হোটেল, বিনোদন কেন্দ্র, স্টেডিয়াম ইত্যাদি নির্মাণ হবে। এক্ষেত্রেও কর্মসংস্থান ও অর্থনৈতিকভাবে লাভবান হওয়া যাবে। এলাকার মানুষ একসময় ব্যাপক আকারে দিনাজপুর জেলার স্বপ্নপুরীতে বেড়াতে যেত। যেটা ছিল অনেক সময় সাপেক্ষ ও ব্যয়বহুল। পরবর্তীতে গ্রিন ভ্যালি পার্ক নাটোর এবং ড্রিম ভ্যালি পার্ক ঝিনাইদহ হওয়াতে অনেক সুবিধা হয়েছে। এই জায়গা দুইটাতে দিনে যেয়ে ফিরে আসা যায়। এই রকম একটা পার্ক মেহেরপুর জেলাতে তৈরি হলে একদিকে ভ্রমণ পিপাসুদের চাহিদা মিটবে এবং অন্যদিকে আর্থিক ভাবেও লাভবান হওয়া যাবে। মেহেরপুর জেলার বর্তমান দর্শনীয় এলাকাগুলোকে আরো বেশি পর্যটক বান্ধব করে গড়ে তুলতে হবে। এক্ষেত্রে পর্যটন কর্পোরেশন, পর্যটন বোর্ড এবং পর্যটন মন্ত্রণালয়কে এগিয়ে আসতে হবে। পর্যটন মৌসুমে, ছুটি কাটাতে অথবা বিভিন্ন সময় পর্যটকরা বান্দরবান জেলা, কক্সবাজার, কুয়াকাটা সেন্টমার্টিন দ্বীপ, সাজেক, রাঙ্গামাটি জেলা, খাগড়াছড়ি, জাফলং, সুন্দরবন, মংলা সমুদ্র বন্দর, পতেঙ্গা সমুদ্র সৈকত, সিলেট, বাগেরহাট, ফয়েজ লেক, চট্টগ্রাম জেলা, মৌলভীবাজার জেলাসহ নানা প্রান্তে ঘুরতে যায়। অনেকের ইচ্ছা থাকলেও আর্থিকসংকুলান না থাকায় ও নিরাপত্তা জনিত কারনে পরিবারসহ যেতে পারে না। সেক্ষেত্রে স্থানীয় উদ্যোক্তা, আগামী দিনে নির্বাচিত জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতা, মেহেরপুরের মানুষ যারা ঢাকা কিংবা দেশের বাইরে থাকেন তারাও নিজের জেলাকে পর্যটনপ্রিয় করে গড়ে তুলতে এগিয়ে আসতে পারেন। সবাই মিলে কাজ করলে মেহেরপুরকে দেশ এবং বিদেশের কাছে আধুনিক মেহেরপুর হিসাবে তুলে ধরা এবং বিনোদন প্রিয় মানুষের নিকটে কম খরচে ও কম সময়ে তাদের চাহিদা পূরণ করা সম্ভব। (লেখক : ইনডিপেনডেন্ট রিসার্চার, ঢাকা)

# আকিকা কেন ও কীভাবে দেবেন

জাওয়াদ তাহের

সন্তান জন্ম একটি পরিবারের জন্য পরম আনন্দের বিষয়। আল্লাহর পক্ষ থেকে এ এক অমূল্য উপহার। ইসলাম এই খুশিকে আরও অর্থবহ করে তুলেছে "আকিকা" নামক একটি সুন্দর ও গুরুত্বপূর্ণ আমলের মাধ্যমে। আকিকা হলো নবজাতকের জন্ম উপলক্ষে পশু জবাই করে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ এবং সন্তানের সুস্থতা ও কল্যাণের জন্য দোয়া করার একটি সুন্নাতি পন্থা। আকিকা কী? ইসলামি শরিয়তে আকিকা একটি প্রতিষ্ঠিত সুন্নাহ। নবী করিম (সা.) বলেছেন, "প্রত্যেক সন্তান তার আকিকার সঙ্গে বাঁধা থাকে। সপ্তম দিনে তার পক্ষ থেকে পশু জবাই করা হয়, নবজাতকের সুন্দর ইসলামি নাম রাখা হয় এবং মাথার চুল মুন্ডন করা হয়।" (সুনান তিরমিজি, হাদিস: ১৫২২)।

নবীজি (সা.) নিজে তাঁর দুই প্রিয় নাতি হাসান ও হুসাইন (রা.) এর জন্য আকিকা করেছিলেন। এই হাদিস ও কার্যক্রম থেকেই আকিকার গুরুত্ব বোঝা যায়। কখন আকিকা করা হয়? আকিকা করার জন্য সবচেয়ে উত্তম সময় হলো সন্তান জন্মের সপ্তম দিন। তবে যদি কোনো কারণে ওইদিন সম্ভব না হয়, তাহলে ১৪তম বা ২১তম দিনেও আকিকা করা যায়। এমনকি পরে কোনো সুবিধাজনক সময়েও আকিকা করার সুযোগ আছে। ছেলে ও মেয়ের জন্য আকিকার নিয়ম: ছেলে সন্তানের জন্য দুইটি ছাগল বা ভেড়া জবাই করা উত্তম।মেয়ে সন্তানের জন্য একটি ছাগল বা ভেড়া যথেষ্ট।পশু যেন সুস্থ ও ত্রুটিমুক্ত হয়, তা নিশ্চিত করতে হবে। আকিকা করার অন্যান্য আমল : আকিকার দিন শুধু পশু জবাই করলেই হয় না, সঙ্গে আরও কিছু সুন্নাতি কাজ রয়েছে। নবজাতকের নাম রাখা হয় এবং মাথার চুল মুন্ডন করা হয়। এই চুলের ওজন করে তার সমমূল্যের রূপা বা টাকা গরিবদের দান করাও একটি সুন্নাহ। আকিকার উদ্দেশ্য কী? আকিকার মাধ্যমে মুসলমানরা আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। একই সঙ্গে সমাজের দরিদ্র ও আশপাশের মানুষদের সঙ্গে আনন্দ ভাগ করে নেওয়া হয়। এটি সন্তানের জীবনের জন্য এক প্রকার দোয়া ও সুরক্ষা হিসেবেও গণ্য হয়। আকিকা একটি গুরুত্বপূর্ণ ইসলামি আমল, যা নবজাতকের জন্ম উপলক্ষে পালন করা হয়। এটি শুধু ধর্মীয় রীতি নয়, বরং এটি একটি সামাজিক ও মানবিক মূল্যবোধের প্রতিফলন। সামর্থ্য অনুযায়ী যত তাড়াতাড়ি সম্ভব আকিকা পালন করা ভালো। এতে যেমন আল্লাহর সন্তুষ্টি অর্জিত হয়, তেমনি সমাজেও আনন্দ ছড়িয়ে পড়ে। সন্তানের জন্য দোয়া, দান, নামকরণ এবং আত্মীয়-পরিজনের সঙ্গে খুশি ভাগ করে নেওয়ার মাধ্যম হিসেবে আকিকা একটি অনন্য ব্যবস্থাড়য়া প্রতিটি মুসলিম পরিবারের পালন করা উচিত।

## গাংনীতে কারিগরি শিক্ষক পরিষদের

খাইরুল কবির মুকুল, ইঞ্জিনিয়ার মেহেদি হাসান প্রমুখ।

আলোচনা সভায় কারিগরি ও সাধারণ শিক্ষার বিভিন্ন দিক, শিক্ষকদের অধিকার আদায় এবং সমাজে শিক্ষকের মর্যাদা পুনঃপ্রতিষ্ঠার গুরুত্বারোপ করে বিভিন্ন দিক তুলে ধরা হয়।

## গাংনীতে অবৈধ বালু উত্তোলনে

মালিকানাধীন কৃষিজমিতে ড্রেজার মেশিনের মাধ্যমে বালু উত্তোলন করছেন। এতে 'ভূমি ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০'-এর ৪ ধারা লঙ্ঘনের অভিযোগে ভ্রাম্যমাণ আদালত তাৎক্ষণিকভাবে ৫০ হাজার টাকা জরিমানা করেন এবং আদায় ও করেন। এ বিষয়ে ভ্রাম্যমাণ আদালতের বিচারক সাদ্দাম হোসেন বলেন, "অবৈধভাবে মাটি ও বালু উত্তোলন পরিবেশ ও কৃষিজমির মারাত্মক ক্ষতি সাধন করে। এ ধরনের কর্মকাণ্ডের বিরুদ্ধে প্রশাসনের অভিযান অব্যাহত থাকবে।"

## ভেড়ামারায় স্বেচ্ছাসেবক দল নেতার

ইউনিয়নের জামালপুর গ্রামে অব?স্থিত ইউনিয়ন স্বেচ্ছাসেবক দ?লের সদস?্য স?চিব লাল চাঁ?দের বা?ড়ি?তে এ ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থল থেকে দুইটি অ?বি?স্ফো?রিত কক?টেল উদ্ধার ক?রে?ছে। এ ঘটনার পর থে?কে আতঙ্কে র?য়ে?ছে গ্রামবাসী। স্থানীয় সূ?ত্রে জানা গে?ছে, রাত ১টার দি?কে দুর্বৃত্তরা অস্ত্রশস্ত্র নি?য়ে ?স্বেচ্ছা?সেবক দলের নেতা লাল চাঁ?দের বা?ড়ি?তে হামলা চালায়। এসময় হামলাকা?রীরা লাল চাঁ?দের ভাই যুবদল কর্মী সু?বেল আহ?ম্মে?দের বসত ঘ?রে আগুন ধ?রি?য়ে দেই। এরপর তারা বা?ড়ি লক্ষ?্য ক?রে কক?টেল ফাঁ?টি?য়ে চ?লে যায়। তাৎক্ষ?ণিক গ্রামবাসী আগুন নিয়ন্ত্রণে আনে। সুবেল আহ?ম্মেদ অভি?যোগ ক?রে ব?লেন, "রাজ?নী?তি? কে?ন্দ্রিক প্রতিপক্ষের লোকজন এই হামলা চা?লি?য়েছে। তারা ভাঙচুর ক?রে আমার ঘ?রে আগুন ধ?রি?য়ে দি?য়ে?ছে। এছাড়া গু?লি ছু?ড়ে?ছে, বোমাও ফাঁ?টি?য়ে?ছে।" সু?বেল আরও ব?লেন, "বাংলা?দে?শের ভেতর এই একটা ইউনিয়ন যেখা?নে ৫ আগ?স্টের প?রেও আওয়ামী লীগ ক্ষমতায় র?য়ে?ছে। তা?দের সা?থে কিছু বিএন?পির লোকজন যোগ দি?য়ে? এই হামলা চা?লি?য়ে?ছে।" ইউপি চেয়ারম?্যান সো?হেল রানা পবন, কু?চিয়া?মোড়া এলাকার রতন হা?জী ও আলমগী?রের নেতৃত্বেই এই ঘটনা ঘ?টে?ছে ব?লে অভি?যোগ ক?রেন সুবল। এ বিষ?য়ে জানার জন?্য বাহাদুরপুর ইউনিয়ন প?রিষ?দের (ইউপি) চেয়?ারম?্যান সো?হেল রানা পব?নের মু?ঠোফো?নে কল দি?লে বন্ধ পাওয়া যায়। কুচিয়ামোড়া পু?লিশ ক্যাম্পের ইনচার্জ উপপ?রিদর্শক (এসআই) নাজমুল হোসেন ব?লেন, "এক?টি ঘ?রে আগুন দেওয়া হ?য়ে?ছিল। ঘর?টি পু?ড়ে আং?শিক ক্ষ?তি হ?য়ে?ছে। এছাড়া ঘটনাস্থল থে?কে দুইটি কক?টেল উদ্ধার করা হ?য়ে?ছে। তাৎক্ষ?ণিক কাউকে চিন?তে না পার?লেও ভুক্ত?ভোগী প?রিবার অনে?কের নাম বলে?ছেন। ?সেটা নি?য়েও তদন্ত করছে পু?লিশ। তবে গু?লির কোন ঘটনা ঘ?টে?নি।"

## পতনের ধাক্কা সামলে ঘুরে দাঁড়াচ্ছে

বেড়ে দাঁড়িয়েছে ১ হাজার ৮৯৪ পয়েন্টে, যা আগের দিনের তুলনায় ১৮ দশমিক ৮২ পয়েন্ট বেশি। এদিন মোট লেনদেনের পরিমাণ দাঁড়িয়েছে ৬৯০ কোটি ৬২ লাখ টাকায়, যা আগের কার্যদিবসের ৬০১ কোটি ৭৫ লাখ টাকা থেকে উল্লেখযোগ্য পরিমাণে বেশি। এ সময়ে মোট ৩০ কোটি ৯২ লাখ ২ হাজার ৭৯৩টি শেয়ার ও ইউনিট দুই লাখ ৮ হাজার ৯৩ বার হাতবদল হয়েছে। ডিএসইতে লেনদেন হওয়া ৩৯৭টি কোম্পানি ও মিউচুয়াল ফান্ডের মধ্যে ২৭৩টির দর বেড়েছে, ৭৮টির দর কমেছে এবং ৪৬টির দর অপরিবর্তিত ছিল।

বিভিন্ন ক্যাটেগরির পারফরম্যান্স বিশ্লেষণে দেখা যায় 'এ' ক্যাটেগরির ২১৭টি কোম্পানি ও ফান্ডের মধ্যে ১৪৭টির দর বেড়েছে, ৪৪টির দর কমেছে এবং ২৬টির দর অপরিবর্তিত ছিল। 'বি' ক্যাটেগরির ৮৩টি কোম্পানি ও ফান্ডের মধ্যে ৫৯টির দর বেড়েছে, ১৭টির দর কমেছে এবং ৭টির দর অপরিবর্তিত। 'জেড' ক্যাটেগরির ৯৭টির মধ্যে ৬৭টির দর বেড়েছে, ১৭টির কমেছে এবং ১৩টির দর অপরিবর্তিত ছিল। মিউচুয়াল ফান্ড খাতেও কিছুটা ইতিবাচক প্রবণতা দেখা গেছে। ৩৬টি ফান্ডের মধ্যে ১৪টির ইউনিট দর বেড়েছে, ৭টির কমেছে এবং ১৫টির দর অপরিবর্তিত ছিল। অন্যদিকে, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) গতকাল লেনদেন হয়েছে ৪ কোটি ৮৩ লাখ টাকার, যা আগের দিনের ৭ কোটি ২৫ লাখ টাকা থেকে কম। এখানে মোট ২৩৩টি কোম্পানি ও ফান্ডের মধ্যে ১৫৩টির দর বেড়েছে, ৪২টির কমেছে এবং ৩৯টির দর অপরিবর্তিত ছিল। পুঁজিবাজার সংশ্লিষ্টদের মতে, এই ধারাবাহিক তেজিভাব বিনিয়োগকারীদের মধ্যে নতুন করে আস্থা ফিরিয়ে আনছে। তারা বলছেন, গত সোমবার ১১ মাস পর সূচকের বড় উত্থান এবং বুধবার সর্বোচ্চ লেনদেন বাজারে একটি শক্তিশালী ঘুরে দাঁড়ানোর ইঙ্গিত দিচ্ছে। তবে এই ইতিবাচক ধারা ধরে রাখা বাজারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে বলে মনে করছেন বিশ্লেষকেরা।

## মুজিবনগরে আরএমপি ওয়েলফেয়ার

হয়। এতে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা শাখার সভাপতি আব্বাস উদ্দিন। প্রধান অতিথি ছিলেন সোসাইটির কেন্দ্রীয় মহাসচিব মোহাম্মদ আমিনুল ইসলাম এবং প্রধান বক্তা ছিলেন জেলা উপদেষ্টা শাফায়েত হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুদরত-ই-খুদা ক্লিনিকের চেয়ারম্যান কামরুল হাসান চাঁদু। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সিনিয়র সহ-সভাপতি জালাল উদ্দিন, সহ-সভাপতি মাহবুবুর রহমান, সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান, ক্রীড়া সম্পাদক আসমাউল হক বিল্টু এবং দপ্তর সম্পাদক আব্দুল মালেক। এছাড়াও উপস্থিত ছিলেন জাহিদুজ্জামান, আবুল বাশার, শামীম, সেলিম রেজা, সাজ্জাদ হোসেন, রিফাতুল্লাহ, লাল্টু, আনসার আলী, সফিকুল ইসলাম, হুমায়ুন কবীর, আনোয়ার হোসেন ও আশরাফুল ইসলামসহ অন্যান্য সদস্যবৃন্দ। আলোচনা সভা শেষে শাফায়েত হোসেনকে সভাপতি ও হুমায়ুন কবীরকে সাধারণ সম্পাদক করে ৩৩ সদস্য বিশিষ্ট মুজিবনগর উপজেলা কমিটি গঠন করা হয়।

## চুয়াডাঙ্গায় চিকিৎসা সংকট

থাকায় এই ইউনিটটি অচল পড়ে আছে। ফলে জটিল ও মুমূর্ষু রোগীরা মারাত্মক সেবা সংকটে পড়ছেন। কেউ কেউ উন্নত চিকিৎসার জন্য ঢাকা, খুলনা কিংবা রাজশাহীতে নিতে গিয়ে পথেই হারাচ্ছেন প্রিয়জনকে।

২০২৩ সালের জুনে কোভিড-১৯ ইমার্জেন্সি রেসপন্স অ্যান্ড প্যানডেমিক প্রিপেয়ার্ডনেস প্রকল্পের আওতায় স্বাস্থ্য অধিদপ্তর সদর হাসপাতালে ১০ বেডের আইসিইউ ইউনিট স্থাপনের সরঞ্জাম সরবরাহ করে। হাসপাতালের সপ্তম তলায় বাক্সবন্দি অবস্থায় এখনো পড়ে আছে সেই যন্ত্রপাতিগুলো। দীর্ঘদিন ব্যবহৃত না হওয়ায় সেগুলোর উপর বাসা বাঁধছে পাখি, কিছুকে নষ্ট করছে ইঁদুর।

স্থানীয়রা বলছেন, একজন কিডনি রোগী কিংবা হৃদরোগী সংকটাপন্ন হলে এখানকার চিকিৎসকরা কিছুই করতে পারেন না। বাধ্য হয়ে রোগীকে খুলনা, রাজশাহী কিংবা ঢাকায় পাঠাতে হয়। এতে সময়, অর্থ ও জীবনের ঝুঁকিড়সবই বেড়ে যায়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. রকিব সাদী বলেন, "আইসিইউ না থাকায় জেলার বিভিন্ন উপজেলা থেকে আসা গুরুতর রোগীদের আমরা প্রয়োজনীয় সেবা দিতে পারি না। তবে অক্সিজেন, আইসোলেটেড ওয়ার্ড, চিকিৎসক ও ওষুধ প্রস্তুত রাখা হয়েছে।" তত্ত্বাবধায়ক ডা. বিদ্যুৎ কুমার বিশ্বাস বলেন, "আইসিইউ ইউনিটটির প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকলেও প্রয়োজনীয় প্রশিক্ষণপ্রাপ্ত জনবল না থাকায় চালু করা যাচ্ছে না। বিষয়টি আমরা বারবার উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি।" এদিকে দেশে নতুন করে করোনার উপসর্গ বাড়ছে। চুয়াডাঙ্গাতেও উপসর্গ দেখা দিলেও কিট না থাকায় পরীক্ষা সম্ভব হচ্ছে না। উপসর্গ থাকা সত্ত্বেও পরীক্ষা না করাতে পারায় সাধারণ মানুষের মাঝে বাড়ছে আতঙ্ক। জানা গেছে, ২০২০ সালের ১৮ মার্চ চুয়াডাঙ্গার আলমডাঙ্গা পৌরসভার এক যুবকের শরীরে প্রথম করোনা শনাক্ত হয়। এরপর থেকে এ জেলায় ৪৫ হাজার ১৮৭ জনের নমুনা পরীক্ষায় ৭ হাজার ৯২৪ জন করোনা পজিটিভ শনাক্ত হন এবং মৃত্যু হয় ২১০ জনের। প্রায় ১০ লাখ মানুষ করোনা টিকা গ্রহণ করলেও আবারও সংক্রমণের আশঙ্কায় রয়েছে সবাই। চুয়াডাঙ্গাবাসীর দাবি, আইসিইউ ইউনিটটি যত দ্রুত সম্ভব চালু করা হোক। নইলে কোটি টাকা ব্যয়ে কেনা যন্ত্রপাতি অচল হয়ে পড়বে, আর সাধারণ মানুষ বঞ্চিত হবে মৌলিক স্বাস্থ্যসেবা থেকে।

## ফয়েজ মোহাম্মদকে সভাপতি করার

বিএনপির সদর উপজেলার নেতাকর্মীরা। শনিবার (১২ জুলাই) বিকালে সদর উপজেলার বিভিন্ন ওয়ার্ড ও ইউনিয়ন থেকে আসা দলীয় নেতাকর্মীরা মিছিলটি আয়োজন করেন।

মিছিলটি মেহেরপুর শহরের কাথুলী রোড এলাকা থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর প্রেসক্লাবের সামনে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে এ অনুষ্ঠান শেষ হয়।

বক্তারা বলেন, "ফয়েজ মোহাম্মদ একজন ত্যাগী, যোগ্য ও পরীক্ষিত নেতা। তাকে সদর উপজেলা বিএনপির সভাপতি হিসেবে দেখতে চায় তৃণমূলের নেতাকর্মীরা। নেতাকর্মীরা অভিযোগ করেন, বিএনপির ভেতরে একটি মহল ষড়যন্ত্র করে ত্যাগী নেতাদের দূরে রাখার অপচেষ্টায় লিপ্ত রয়েছে। এই ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে তীব্র হুঁশিয়ারি দিয়ে তারা বলেন, দলের ভেতরে অনৈক্য সৃষ্টি করা কোনোভাবেই মেনে নেওয়া হবে না। সমাবেশে আরও বলা হয়, বিগত ১৭ বছরে বিএনপির যেসব নেতাকর্মীরা জেল জুলুম নির্যাতন নিপীড়ন সহ্য করেছে তাদেরকেই দলে মূল্যায়ন করতে হবে। ত্যাগ-তিতিক্ষার ভিত্তিতে নেতৃত্ব নির্বাচিত না হলে দল ক্ষতিগ্রস্ত হবে।" তাই ফয়েজ মোহাম্মদের মতো ত্যাগী নেতাকে আমরা সদর উপজেলা বিএনপির সভাপতি হিসেবে দেখতে চাই, তা না হলে আগামী দিনে আরো বড় কর্মসূচি নিয়ে মাঠে নামার হুশিয়ারি করেন নেতাকর্মীরা। জেলা জিয়ামঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি এর সঞ্চালনায় এ সময় বক্তব্য রাখেন, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, জেলা যুবদলের সদস্য ডা: খায়রুল ইসলাম, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি, কুতুবপুর ইউনিয়ন বিএনপির নেতা শিমুল, মজনুসহ বিভিন্ন ওয়ার্ড ও ইউনিয়নের নেতাকর্মীরা

## কুষ্টিয়ায় দুই পক্ষের সংঘর্ষে বাড়িঘর

লোকজনের মধ্যে সংঘর্ষ হয়। সংঘর্ষে সানজিদের সদ্য কেনা মাইক্রোবাসে আগুন দেওয়া দেওয়া হয়। ভাঙচুর করা হয় তার আরও তিনটি মোটরসাইকেল। খবর পেয়ে ভেড়ামারা ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। ভুক্তভোগী সানজিদ হোসেন বলেন, ?'আব্দুল জাব্বার অনেকদিন ধরেই আমার কাছে চাঁদা দাবি করে আসছিল। চাঁদা না দেওয়ায় শুক্রবার রাতে তার নেতৃত্বে একদল লোক আমার বাড়িতে হামলা চালায়। তারা লুটপাট চালিয়ে গাড়িতে আগুন ধরিয়ে দেয়। তিনটি মোটরসাইকেল ভাঙচুর করে।' তবে আব্দুল জাব্বার পাল্টা অভিযোগ করে বলেন, 'চাকরি দেওয়ার প্রতিশ্রুতিতে সানজিদ আমার পরিচিত কয়েকজনের কাছ থেকে টাকা নিয়েছিল। পরে কথা না রাখায় টাকা ফেরত চাইলে সে আমাকে মারধর করে। এরপর বিষয়টি এলাকায় জানাজানি হলে উত্তেজিত লোকজন তার বাড়িতে হামলা চালায়।' স্থানীয়রা জানান, অভিযুক্ত আব্দুল জাব্বার বিএনপি কর্মী আকবর আলীর ছেলে এবং ভুক্তভোগী সানজিদ হোসেন আওয়ামী লীগ সমর্থক সাদমান হোসেনের ছেলে। এ বিষয়ে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হুদা বলেন, বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে এখনো কেউ লিখিত অভিযোগ দেননি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## গাংনী উপজেলায় এসএসসিতে

বিদ্যালয় থেকে ৬২ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এ দিকে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়: ৯৭.১২% পাশ, ২০ জন জিপিএ-৫ পেয়েছে। ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়: ৯৬.১০% পাশ করেছে, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়: ৮৫.৯১% পাশ করেছে, কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়: ৮২.২২% পাশ করেছে, এস কে এস মাধ্যমিক বিদ্যালয়: ৭৩.৫৫% পাশ করেছে, গাংনী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়: ৭১.৫৩% পাশ করেছে, জে টি এস মাধ্যমিক বালিকা বিদ্যালয়: ৭০.২৭% পাশ করেছে। তবে দুঃখের বিষয় হলো কিছু বিদ্যালয়ে পাশের হার আশঙ্কাজনক হারে কম। বিশেষ করে

হাড়ভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয় মাত্র ১০% পাশ করেছে, এমবিকে মাধ্যমিক বিদ্যালয় ১৪.২৮% পাশ করেছে, বি ডি মাধ্যমিক বিদ্যালয় ২৪% পাশ করেছে, মটমুড়া মাধ্যমিক বিদ্যালয় ২৪.৬১% পাশ করেছে, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের একক শাখা ২৮.৫৭% পাশ করেছে, সাহারবাটি মাধ্যমিক বিদ্যালয় ৩২.৪৩% পাশ করেছে, কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজ ৩৩.৩৩%, বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয় ৩৪.৬১%। এসব বিদ্যালয়ের ফলাফল শিক্ষার মান ও শিক্ষার্থীদের পড়াশোনার প্রতি মনোযোগের প্রশ্ন তোলেছে। শিক্ষাবিদরা বলছেন, এই বিদ্যালয়গুলোতে দ্রুত গুণগত পরিবর্তনের প্রয়োজন। গাংনী উপজেলার শিক্ষা অফিসার একজন কর্মকর্তা বলেন, "উপজেলার এই ফলাফল থেকে আমরা সাফল্যের পাশাপাশি সমস্যাগুলোও স্পষ্টভাবে বুঝতে পারছি। দুর্বল বিদ্যালয়গুলোর জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণের পরিকল্পনা করছি। শিক্ষকদের প্রশিক্ষণ, পাঠদানের আধুনিক পদ্ধতি প্রয়োগ এবং শিক্ষার্থীদের মানসিক সহায়তা নিশ্চিত করা হবে।" একাধিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকও সমস্যার কথা স্বীকার করে বলেন, "বহু কারণে শিক্ষার্থীদের পরীক্ষার প্রস্তুতি কম ছিল। পরিবারের অর্থনৈতিক দুরবস্থা, শিক্ষক সংকট এবং অনিয়মিত ক্লাস এগুলোর অন্যতম কারণ।" শিক্ষার্থী রাকিবুল ইসলাম বলেন, "আমাদের স্কুলের অনেক ছাত্র-ছাত্রী কম পড়াশোনা করেছে। ফলে অনেকেই ভালো ফল করতে পারেনি।" অভিভাবক শামিমা খাতুন বলেন, "শিক্ষার মান বাড়াতে শিক্ষক ও প্রশাসনের সমন্বিত কাজ প্রয়োজন। সন্তানদের জন্য ভালো পরিবেশ তৈরি করতে হবে।"

## মেহেরপুরে মিটফোর্ডে ব্যবসায়ী

প্রেসক্লাবের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মেহেরপুরের সর্বস্তরের ছাত্র-জনতা, ব্যবসায়ী, শিক্ষার্থী এবং সচেতন নাগরিকরা এতে অংশ নিয়ে সোহাগ হত্যার দ্রুত বিচার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। মানববন্ধনে বক্তারা বলেন, "একজন সাধারণ ব্যবসায়ীকে প্রকাশ্যে চাঁদাবাজ ও সন্ত্রাসীদের হাতে নৃশংসভাবে হত্যা করা হয়েছে, যা শুধু ওই পরিবারের জন্য নয়, দেশের সকল ব্যবসায়ীর জন্য একটি বড় আঘাত। এই হত্যাকাণ্ড রাষ্ট্র ও বিচারব্যবস্থার ওপর সন্ত্রাসীদের সশস্ত্র চ্যালেঞ্জ। এর দ্রুত বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি না হলে দেশের সামাজিক নিরাপত্তা বিঘ্নিত হবে।" বক্তারা আরো বলেন, "এ ধরনের নৃশংসতা সমাজে শৃঙ্খলা ভঙ্গ এবং জাতীয় নিরাপত্তার প্রশ্ন তোলে। এ ধরনের অপরাধীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে যাতে সাধারণ মানুষ নিরাপদে জীবনযাপন করতে পারে।" সমাবেশে অংশগ্রহণকারীরা "সোহাগ হত্যার বিচার চাই", "চাঁদাবাজদের বিরুদ্ধে রুখে দাঁড়াও", "ব্যবসায়ী হত্যার রাজনীতি বন্ধ করো" সহ নানা স্লোগান দিয়ে দমনমূলক কর্মকাণ্ড বন্ধ ও ন্যায়বিচার নিশ্চিত করার আহ্বান জানান।

## গাংনীতে আমীন সমাজ কল্যাণ

কমিটির সভাপতি হয়েছেন আব্দুল খালেক, সাধারণ সম্পাদক মুনসাদ আলী ও কোষাধ্যক্ষ আবু বক্কর। ও মুজিবনগর উপজেলা কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন আব্দুল মজিদ, সাধারণ সম্পাদক আহসান হাবীব এবং কোষাধ্যক্ষ ওয়াসিম আলী। কাউন্সিল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিনিয়র সার্ভেয়ার গিয়াস উদ্দীন। অনুষ্ঠানে বিভিন্ন এলাকা থেকে আগত আমীনবৃন্দ বক্তব্য রাখেন। নবনির্বাচিত নেতাদের অভিনন্দন জানিয়েছেন বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

## আলী রীয়াজ

যাচ্ছে।" আলী রীয়াজ আরও বলেন, তিনি জাতীয় ঐকমত্য কমিশনের প্রতিনিধিত্ব নয়, বরং ব্যক্তিগতভাবে বক্তব্য রাখছেন। তিনি পার্লামেন্টের ভূমিকা নিয়ে বলেন, "পার্লামেন্ট তৈরি করতে হবে এমনভাবে, যেখানে ব্যক্তি বন্দনার জায়গা থাকবে না, যেখানে নির্বাহী বিভাগের জবাবদিহি নিশ্চিত হবে। সংসদ হবে জনতার স্বার্থে আইন প্রণয়ন ও সরকারের কর্মকাণ্ডের নিরীক্ষক। যতক্ষণ পর্যন্ত নির্বাহী বিভাগের ক্ষমতা সংসদের মাধ্যমে নিয়ন্ত্রণ করা যাবে না, ততক্ষণ গণতন্ত্রের বিকাশ সম্ভব নয়। আমাদের সেই প্রতিষ্ঠান তৈরি করতে হবে, যেখানে জনপ্রতিনিধিরা জবাবদিহিমূলক ভূমিকা রাখবেন।"

আলোচনায় বিএনপির কেন্দ্রীয় নেত্রী ও সাবেক সংসদ সদস্য রুমিন ফারহানা বলেন, "আমরা যে বিষয়গুলোতে ঐকমত্যে পৌঁছেছি, সেগুলোই এখন যথেষ্ট। বাকি কাজ জনগণের উপর ছেড়ে দিতে হবে। সরকারের প্রথম দায়িত্ব ছিল জাতিকে ঐক্যবদ্ধ করা, কিন্তু তারা বরং জাতিকে বিভক্ত করেছে। বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বলেন, "সরকার রাজনৈতিক দলগুলোর সমর্থনকে কাজে লাগাতে ব্যর্থ হয়েছে। বুয়েট ছাত্র আবরার ফাহাদ এবং পুরান ঢাকার ব্যবসায়ী সোহাগের হত্যাকাণ্ড দুইটিই সরকারের জাহেলিয়াতের প্রতিচ্ছবি। আমার বাংলাদেশ (এবি) পার্টির চেয়ারম্যান মুজিবুর রহমান মঞ্জু বলেন, "আমরা যা কিছু করবো, তা যেন আওয়ামী জাহেলিয়াতকে অতিক্রম না করে। যদি তা হয়, তাহলে আন্দোলন, সংগ্রাম, রক্তদানড়সবই ব্যর্থতায় পরিণত হবে।" আলোচনায় আরও বক্তব্য রাখেন জাতীয় সমাজতান্ত্রিক দল (জেএসডি)'র সাধারণ সম্পাদক শহীদ উদ্দিন মাহমুদ স্বপন, বাসদ'র সহসাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির রাজনৈতিক পরিষদের সদস্য আকবর খান, আহত জুলাই যোদ্ধা ফায়েজুর রহমান মনির, বাসদ (মার্ক্সবাদী)'র সমন্বয়কারী মাসুদ রানা, বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির জ্যেষ্ঠ নায়েবে আমির আবদুল মাজেদ আতাহারী প্রমুখ।

## ১৩ জুলাই: মামলা প্রত্যাহারে

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহ বলেন, আগামীকাল রোববার সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার থেকে শিক্ষার্থীরা গণপদযাত্রায় অংশ নেবেন। এরপর শিক্ষার্থীরা রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি প্রদান করবেন । ঢাকা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, সাত কলেজ ও ঢাকার অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান এতে অংশগ্রহণ করবে। এ ছাড়াও বিভিন্ন জেলায় অবস্থানরত শিক্ষার্থীরা পদযাত্রা নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে স্মারকলিপি দেবেন । পুলিশকে মামলা তুলে নিতে ২৪ ঘণ্টার আল্টিমেটাম দিয়ে আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম বলেন, শাহবাগ থানায় আন্দোলনকারীদের বিরুদ্ধে অজ্ঞাতনামা মামলা করা হয়েছে। সেখানে পুলিশ বলছে যে শিক্ষার্থীরা তাদের ক্ষতি সাধন করেছে। ক্ষতি যদি হয় তাহলে অজ্ঞাতনামা মামলা দেওয়ার প্রয়োজন নেই, আমাদের নামেই মামলা দিতে পারেন।